# নৈতিকতা কমিটির মাসিক সভার প্রতিবেদন

| | | |
|---|---|---|
| বিষয় | : | "শুদ্ধাচার কর্ম কৌশল পরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন রুপরেখা সংক্রান্ত" |
| সময় | : | সকাল ৪:৩০ থেকে ৫:০০ ঘটিকা পর্যন্ত |
| তারিখ | : | ১৮/০৭/২০২১ খ্রিঃ |
| সভাপতি | : | সিনিয়র প্ল্যানার ও সভাপতি, নৈতিকতা কমিটি, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস, সিলেট |

উপস্থিতির তালিকা 'ক' তে সংযুক্ত করা হলোঃ

সভার শুরুতে সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে এর কাযক্রম সম্পর্কে আলোকপাত করেন এবং অদ্য সকাল ১০ ঘটিকায় কেন্দ্রীয় কার্যালয়ে জুম প্ল্যাটফর্মে অনুষ্ঠিত কেন্দ্রীয় দপ্তরের শুদ্ধাচার/নৈতিকতা সভার আলোচনা এবং সিদ্ধান্তসমুহের সার-সংক্ষেপ তুলে ধরেন যা নিম্ন-রুপ:

১। কেন্দ্রীয় দপ্তরের জাতীয় শুদ্ধাচার কর্ম কৌশল পরিকল্পনা ২০২১-২২ এর অনুরুপ আঞ্চলিক অফিসের শুদ্ধাচার কর্ম কৌশল পরিকল্পনা ২০২১-২২ প্রণয়ন করতে হবে।

২। কর্ম কৌশল পরিকল্পনার কার্যক্রম ৩. ২ অনাপত্তি ছাড়পত্র প্রদানের ক্ষেত্রে সাইট ভিজিট সম্পর্কিত তথ্যাদি প্রত্যাশী সংস্থাকে ই-মেইল এবং টেলিফোনের পাশাপাশি SMS এর মাধ্যমে অবহিতকরণ করার বিষযটি বিবেচনায় নেয়া যেতে পারে বলে জানানো হয়। তাছাড়া, ছাড়পত্র প্রদান সংক্রান্ত সেবা সম্পর্কিত অভিযোগ অথবা সেবা মান মূল্যায়নের জন্য পৃথক রেজিষ্ট্রার মেনটেন করার প্রস্তাবও করা হয়।

৩। কর্ম কৌশল পরিকল্পনার কার্যক্রম ৩.৩ সেবা সপ্তাহ উদযাপন বিষয়ে নোটিশ করা, পত্রিকায় দেয়া, ব্যানার করা, ছবি তোলা, সেবা সপ্তাহ চলাকালীন সময়ে কোন এনওসি'র কাজ আসলে তা দ্রুত সময়ে প্রসেস করা, রেজিষ্ট্রার মেনটেন করা ইত্যাদি বিবেচনায় নেয়ার জন্য জানানো হয়।

এ পর্যায়ে সভাপতি জানান যে, ২০২১-২২ অর্থ বৎসরে শুদ্ধাচার এর অগ্রগতি (৫০ নম্বরের মধ্যে প্রাপ্ত নম্বর) আঞ্চলিক অফিসের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ তে সর্বোচ্চ ১০ নম্বরের Corresponding ওয়েটেজ নম্বর হিসেবে যুক্ত হবে। ফলে শুদ্ধাচার কর্মকৌশল সঠিকভাবে বাস্তবায়ন যে কত গুরুত্বপূর্ণ তা অনুধাবন করা যায়। তিনি ২০২১-২২ শুদ্ধাচার কর্ম কৌশল বাস্তবায়নে আঞ্চলিক অফিসের সকল কর্মচারীদের আন্তরিক হওয়ার আহ্বান জানান। উপস্থিত সকলে এ বিষয়ে এক মত হন।

পরিশেষে সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Shaheen Ahmed
18/07/2021

(শাহীন আহম্মেদ)
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট
ফোনঃ ০৮২১-৭২৯০৮৯

সংযুক্ত-ক

## ১৮/০৭/২০২১ তারিখে নৈতিকতা কমিটির মাসিক সভায় উপস্থিতির তালিকা

| ক্র: নং: | কর্মকর্তা/কর্মচারীর নাম | পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১ | জনাব শাহীন আহম্মেদ | সিনিয়র প্ল্যানার ও সভাপতি, নৈতিকতা কমিটি | Shaheen Ahmed 18/07/2021 |
| ২ | জনাব বাদশা মিয়া | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | বাদশা |
| ৩ | জনাব মো: নূরুজ্জামান ভূইয়া | রেখাকার ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি | [illegible] |
| ৪ | জনাব মো: রুবেল হোসেন | সার্ভেয়ার | [illegible] ১৮/০৭/২০২১ |
| ৫ | জনাব আমির হামজা | খালাসী | আমির ১৮/০৭/২০২১ |